# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol XXVI | YEAR OF OUR LORD JESUS CHRIST, 2024 NOVEMBER | No 10


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

হিতোপদেশ ২৬ :১-১০

১। গ্রীষ্মকালের তুষারপাত বা ফসল কাটার মরশুমের বৃষ্টিপাতের মতো, মূর্খের পক্ষেও সম্মান মানানসই নয়।

২। উড়ে যাওয়া চড়ুই পাখি বা ক্ষিপ্রগতি বিশিষ্ট ফিঙে জাতীয় পাখির মতো অযাচিত অভিশাপও শান্ত হয় না।

৩। ঘোড়ার জন্য চাবুক, গাধার জন্য লাগাম, ও মূর্খদের পিঠের জন্য লাঠি!

৪। মূর্খের মূর্খতা অনুসারে তাকে উত্তর দিয়ো না, পাঠে তুমিও তার মতো হয়ে যাও।

৫। মূর্খের মূর্খতা অনুসারে তাকে উত্তর দাও, পাছে সে নিজের দৃষ্টিতে জ্ঞানবান হয়।

৬। যে মূর্খের হাত দিয়ে খবর পাঠায় তার দশা পা কেটে ফেলার বা বিষ পান করার মতো হয়।

৭। মূর্খের মুখের হিতোপদেশ খঞ্জের অনুপযোগী পায়ের মতো হয়।

৮। মূর্খকে যে সম্মান দেয় তার দশা গুলতিতে নুড়িপাথর বেঁধে দেওয়ার মতো হয়।

৯। মূর্খের মুখের হিতোপদেশ মাতালের হাতে ধরা কাটাগুল্মের মতো হয়।

১০। কোনো মূর্খকে বা পথিককে যে ভাড়া খাটায় সে সেই তিরন্দাজের মতো যে এলোমেলোভাবে মানুষকে আঘাত করে।



## পরস্পরের ভার বহন কর!

(অনারারী প্রধান সম্পাদিকা: রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)


আমাদের প্রভু এবং ত্রাণকর্তা, যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আপনাদের সবাইকে শুভেচ্ছা জানাই, যাঁর ভালোবাসা অপরিসীম, নিঃশর্ত এবং তর্কাতীত। তাঁর অনুগ্রহ এবং আনুকুল্যের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিই, যা আমাদের ২০২৪ সালের প্রথম দশ মাস ধরে রেখেছে। তিনি অবিরত আমাদের পরিচালনা করবেন, এবং তাঁর অনুগ্রহ সর্বদা আমাদের পক্ষে যথেষ্ট, কারণ আমরা তাঁর সন্তান।

বাইবেল আমাদের বলে যে তিনি আমাদের তাঁর সন্তান হওয়ার জন্য আহ্বান করেছেন। কী অপূর্ব সুযোগ! কিন্তু জরুরী প্রশ্নটি হচ্ছে, "আমাদের জীবন কি তাঁর আহ্বানের যোগ্য?" ইফিষীয়দের প্রতি এই পত্রটিতে প্রেরিত পৌল লিখেছেন, "...**আমি তোমাদের কাছে মিনতি করছি, যে আহ্বান তোমরা লাভ করেছ, তার যোগ্যরূপে চলো**" (ইফিষীয় ৪:১)। এর অর্থ কী? দীর্ঘ সময় যাবৎ এই উক্তিটি আমার মাথায় ঘুরপাক খাচ্ছে। আমাদের জীবনে তাঁর আহ্বানের যোগ্যরূপে চলার প্রকৃত মানেটা কী? আমাদের ঠিক কী করার জন্য আহ্বান করা হয়েছে? যখন এই প্রশ্নটির অসংখ্য দিক থাকতে পারে, আসুন আমরা আজ একটি বিষয়ের উপর ফোকাস করি।

### মিলনকারী: ঈশ্বরের সন্তানগণ

মথি ৫:৯ পদটির উপর আলোকপাত করা যাক, "**ধন্য যারা মিলন করিয়ে দেয়,কারণ তাদের ঈশ্বরের পুত্র বলা হবে।**" প্রিয় ভাই এবং বোনেরা, আমরা যদি নিজেদের ঈশ্বরের সন্তান বলে অভিহিত

*ক্রমশ: ৩য়পৃষ্ঠায়*

তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)

REACHING NATIONS



## *from your dearly beloved brother...*



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**HON. MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM., MBA.

**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858

**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


**"আস্বাদন করো ও দেখো, সদাপ্রভু মঙ্গলময়;**
**ধন্য সেই ব্যক্তি যে তাতে আশ্রয় নেয়" (গীত ৩৪:৮)**

খ্রীষ্টে ঈশ্বরের প্রিয় সন্তানগণ,

তোমাদের উত্তম জীবন যেন আরও প্রচুর রূপে সমৃদ্ধি লাভ করতে পারে তার জন্য আমরা তোমাদের সদাপ্রভুর গৃহ থেকে আশীর্ব্বাদ করি" (গীত ১১৮:২৬)।

আমরা আমাদের আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার আমাদের সহকর্মীদের জন্য কৃতজ্ঞ। যদিও কয়েকটি জায়গায় বাধাবিঘ্ন, অসুস্থতা এবং অর্থনৈতিক সঙ্কটগুলো আমাদের পক্ষে অনুকূল নয়, ঈশ্বর আমাদের সুরক্ষা করছেন এবং পথ দেখাচ্ছেন, যেমন পৌল বলেছেন যে **আপনাদের কারও প্রাণহানি হবে না, কেবলমাত্র জাহাজটি ধ্বংস হবে** (প্রেরিত ২৭:২২)।

আমরা স্থানীয় যাত্রাগুলো সম্পাদন করতে সক্ষম হয়েছি যেহেতু আমাদের সহকর্মীরা শারীরিকভাবে অপেক্ষাকৃত সুস্থ হয়েছে। পবিত্র শাস্ত্রানুসারে ঈশ্বর আমাদের উচ্চে তুলে ধরেছেন...হিতোপদেশ ২৪:১৬। সেই কারণে আমরা এতো আশান্বিত যে নভেম্বর মাস আমরা আশীর্ব্বাদে পরিপূর্ণ হবো।

আমরা আমাদের প্রধান কার্যালয়ের সহকর্মীদের জন্য, যেমন ড. সেরিনা বেভিন, সিসটার সাজিনি চেরিয়ান, রেভা.ড. কে.আর.রাজাসেকারান, রেভ.ড. রবার্ট উইলিয়াম এবং ১৬টি ভাষায় অন্যান্য সহযোগী সম্পাদকদের জন্য, সহযোগী সম্পাদকদের সহযোগীদের জন্য, কো-অর্ডিনেটরদের জন্য এবং প্রিন্টিং স্টাফদের জন্য আপনাদের প্রার্থনা একান্তভাবে কামনা করি, যারা প্রতিমাসে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি** পত্রিকাটি ছাপানোর এবং প্রকাশনার এবং বণ্টনের জন্য দায়িত্ব পালন করেন। কেবল এই সমস্ত লোকদের ভালো থাকার কারণে, আমরা প্রতিমাসে নিয়মিত পত্রিকাটি প্রকাশ করতে পারছি।

অনুগ্রহ করে আমাদের চার্চগুলোতে, **নহিমিয় বাইবেল কলেজগুলিতে, সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে, প্রিন্টিং প্রেসে, মিডিয়া মিনিস্ট্রি (ইউটিউবে), মিশন সেন্টারগুলিতে এবং অফিসে** কর্মরত সহকর্মীদের আপনাদের মূল্যবান প্রার্থনায় স্মরণ করবেন।

বিশেষ করে, আমরা আপনাদের অবগত করতে চাই যে আমাদের পরিচর্যাগুলি আর্থিক সঙ্কটের মধ্যে দিয়ে যাচ্ছে এবং আমরা আমাদের প্রয়োজনগুলি পূরণ করতে অক্ষম হচ্ছি। অনুগ্রহ করে প্রার্থনা করুন।

ঈশ্বর আপনাদের সবাইকে প্রচুররূপে আশীর্ব্বাদ করুন।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

**পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম**

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**

(+91) 98412 71858 / 98410 71858, E.mail : sam@echoofhiscall.org

## তাঁর আহ্বানের প্রতিধ্বনির পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের ৫ মিনিটের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের** বাণীগুলি প্রতিদিন ভোর ২টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় সম্প্রচারিত হয়। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

এছাড়াও আপনারা আমার নিম্নলিখিত ব্যক্তিগত ফোন নম্বরগুলি আপনাদের মোবাইল ফোনে সেভ করতে পারেন: (+91) 98412 71858 / 98410 71858

— পাস্টর এস. স্যাম সেলভারাজ

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

হতে চাই এবং আমরা যদি আমাদের আহ্বানের যোগ্যরূপে জীবনযাপন করতে চাই,তাহলে আমাদের অবশ্যই মিলনকারী হতে হবে।

ইফিষীয় ৪:২ পদ শিক্ষা দেয় যে ঈশ্বরের সন্তান হিসাবে, পরস্পরের ভার বহন করার দ্বারা মিলনকারী হিসাবে আমরা আহুত হই। এটা করার জন্য, আমাদের অবশ্যই নম্র, শান্ত, এবং ধৈর্যশীল হতে হবে। যারা আমাদের বিশ্বাসের সহভাগিতা করে সেই সমস্ত সহবিশ্বাসীদের সঙ্গেই নয় কিন্তু যারা প্রতিদিন তাদের কঠোর বাক্যের দ্বারা এবং আঘাতপূর্ণ কার্যকলাপের দ্বারা আমাদের ধৈর্য্যের পরীক্ষা করে তাদের সঙ্গেও আমাদের এই গুণগুলোর অনুশীলন করা অপরিহার্য। সত্য বলতে কি, এটি অত্যন্ত কঠিন এবং চ্যালেঞ্জিং হতে পারে। এইভাবে জীবন যাপন করার থেকে এই বিষয়ে কথা বলা খুবই সহজ। যাইহোক, যারা যীশুকে ভালোবাসে তাদের কাছে বাইবেল বিশেষভাবে এটি প্রত্যাশা করে। প্রেরিত যাকোব এই বিষয়টির উপর জোর দিয়েছেন যে আমরা যেন অবশ্যই বাক্যের কার্যকারী হই, কেবল শ্রোতা না হই।

### পরস্পরের ভার বাহন করা!

কলসীয় ৩:১৩ পদে আমাদের নির্দেশ দেওয়া হয়েছে: **"পরস্পরের প্রতি সহনশীল হও। একের বিরুদ্ধে অপরের কোনো ক্ষোভ থাকলে, পরস্পর ক্ষমা কোরো। প্রভু যেমন তোমাদের ক্ষমা করেছেন, তোমরাও তেমনই কোরো।"**

পরস্পরের প্রতি সহনশীল হওয়ার জন্য ক্ষমার প্রয়োজন। প্রকৃতভাবে ক্ষমা করার জন্য, আমাদের ভালোবাসার প্রয়োজন, এবং ঈশ্বরের প্রেম ছাড়া, আমরা সম্পূর্ণরূপে ক্ষমা করতে অথবা ভুলে যেতে পারি না। আপনি বলতে পারেন, "এটা কঠিন;আমি এটা পারবো না। আমি আবেগ এবং অনুভূতিসহ একজন মানুষ। এটা আমার পক্ষে অসম্ভব।" কিন্তু ঠিক এই জন্যই আমাদের ঈশ্বরের সাহায্যের প্রয়োজন — ভালোবাসা এবং ক্ষমার জন্য। পরস্পর সহনশীল হওয়া শুধুমাত্র একটি পরামর্শ অথবা ঐচ্ছিক বিষয় নয়;এটি একটি আদেশ। গালাতীয় ৬:২ পদে বলা হয়েছে, **"প্রত্যেকে পরস্পরের ভারবহন করো, এভাবে তোমরা খ্রীষ্টের বিধান পূর্ণ করবে।"**

খ্রীষ্টের বিধান পূর্ণ করার জন্য, আমাদের অবশ্যই পরস্পরের ভারবহন করতে হবে। প্রত্যেক ব্যক্তি বিভিন্ন কঠিন পরিস্থিতির সম্মুখীন হয়: বিভিন্ন চ্যালেঞ্জ, বিহ্বলকারী বিভিন্ন পরিস্থিতি, আর্থিক সঙ্কট, পাপের সঙ্গে যুদ্ধ, এবং বিভিন্ন শারীরিক এবং আত্মিক পরীক্ষা। যাইহোক, আমরা কেবল একা এই ভারগুলি বহন করার বিষয় বুঝাতে চাইছি না, আর এই কারণেই ঈশ্বর আমাদের মাণ্ডলিক পরিবার দিয়েছেন। আমরা খ্রীষ্টে এক দেহ, এবং আমাদের শরীরের একটি অঙ্গ যখন কষ্ট পায়, তখন তা সমগ্র শরীরকে প্রভাবিত করে।

### ক্রুশের প্রতীক চিহ্ন!

আমরা সর্বদা ঈশ্বরের সঙ্গে শান্তি বজায় রাখার বিষয়টির ওপর ফোকাস করি, তাঁর সঙ্গে আমাদের সম্পর্কের বিষয়টির উপর জোর দিই। যাইহোক, দুটি রেখা দ্বারা ক্রুশ গঠিত হয়: উলম্ব রেখাটি ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্কটির প্রতিনিধিত্ব করে, যখন আনুভূমিক রেখাটি অন্যদের সঙ্গে আমাদের সম্পর্কের বিষয়টির প্রতীক।

সুতরাং যীশুর সব থেকে গুরুত্বপূর্ণ দুটি আদেশকে সংক্ষেপে এইভাবে বলা যায়। প্রথমটি হচ্ছে, **"তুমি তোমার সমস্ত হৃদয়, তোমার সমস্ত প্রাণ ও তোমার সমস্ত মন দিয়ে তোমার ঈশ্বর সদাপ্রভুকে ভালোবাসবে"** (মথি ২২:৩৭), যা আমাদের সঙ্গে ঈশ্বরের সম্পর্কের বিষয় বলে (উলম্ব রেখা)। দ্বিতীয়, **"...তোমার প্রতিবেশীকে তোমার নিজের মতোই ভালোবাসবে" (মথি ২২:৩৯)**, মথি ২২:৩৪-৪০ পর্যন্ত, অন্যদের সঙ্গে আমাদের সম্পর্কের বিষয় সম্বোধন করা হয়েছে (আনুভূমিক রেখা)।

আমরা অনেকে ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্কের বিষয় সন্তুষ্টি অনুভব করি। আমরা প্রভুকে ভালোবাসি, প্রতিদিন তাঁর বাক্য পাঠ করি, প্রার্থনা করি, উপবাস করি, চার্চে যোগদান করি, এবং পরিচর্যা কাজে যুক্ত থাকি,আত্মার দানগুলির উপর জোর দিই। যেমন পৌল ১ করিন্থীয় ১২:৮-১০ পদে লিখেছেন, **"একজনকে আত্মার মাধ্যমে দেওয়া হয়েছে প্রজ্ঞার বাণী, অপর একজনকে সেই একই আত্মার দ্বারা জ্ঞানের বাণী, অপর একজনকে সেই আত্মার দ্বারা বিশ্বাস, অপর একজনকে সেই একই আত্মার দ্বারা রোগনিরাময়ের বরদান, অপর একজনকে অলৌকিক কর্মসাধনের পরাক্রম, অপর একজনকে ভাববাণী, আর একজনকে আত্মাদের পার্থক্য নির্ণয়ের শক্তি, অপর একজনকে ভিন্ন ভিন্ন ভাষায় কথা বলার শক্তি এবং আরও অপরজনকে বিশেষ বিশেষ ভাষার তর্জমা করার শক্তি দত্ত হয়েছে"।**

যাইহোক, আত্মার ফলের বিষয়টি কী? গালাতীয় ৫:২২,২৩ পদটি আমাদের মনে করিয়ে দেয়, **"কিন্তু পবিত্র আত্মার ফল হল প্রেম, আনন্দ, শান্তি, দীর্ঘসহিষ্ণুতা, মাধুর্য, পরোপকারিতা, বিশ্বস্ততা, বিনম্রতা ও আত্মসংযম...।"** আমি প্রায় লক্ষ করি যে লোকেরা তাদের পরিচর্যা কাজ এবং ঈশ্বরের সঙ্গে ব্যক্তিগত সম্পর্কের বিষয়ে এতো অধিক মগ্ন হয়ে থাকে যে তারা তাদের পরিবারগুলিকে এবং প্রতিবেশীদের অবহেলা করে। বাইবেল আমাদের শিক্ষা দেয় যে উভয় সম্পর্কই সমানভাবে গুরুত্বপূর্ণ।

### মণ্ডলীর দায়িত্ব!

মণ্ডলী, যা আপনাকে এবং আমাকে অন্তর্ভুক্ত করে, সেই মণ্ডলী আমাদের সহ বিশ্বাসীদের

তত্ত্বাবধান করে এবং ভার বহন করে। যখন দেহের একজন সদস্য ভালো থাকে না, তখন সেটা আমাদের সবাইকে প্রভাবিত করে। অন্যদের বিষয় চিন্তা করা শুধুমাত্র একটি সহানুভূতিপূর্ণ কাজ নয়, এখানে একটি ব্যক্তিগত ঝুঁকিও যুক্ত থাকে। যখন আমাদের চারপাশের লোকেরা সুস্থ থাকে, তখন আমরা লাভবান হই, আর যখন আমরা সুস্থ থাকি, তখন মণ্ডলীও সামগ্রিকভাবে শক্তিশালী হয়। বিপরীতভাবে, যখন আমরা কষ্ট পাই, তখন মণ্ডলীসহ যারা আমাদের ঘনিষ্ঠ তারাও প্রভাবিত হয়।

যেমন গালাতীয় ৬:২ পদে বলা হয়েছে, **"প্রত্যেকে পরস্পরের ভারবহন করো, এভাবে তোমরা খ্রীষ্টের বিধান পূর্ণ করবে"।** এখানে স্পষ্টভাবে আদেশ দেওয়া হয়েছে—এটা ঐচ্ছিক বিষয় নয় কিন্তু ঈশ্বরের পরিবারের প্রত্যেক সদস্যদের জন্য এটা সরাসরি নির্দেশ। কেবল এই কাজটি করার দ্বারা, আমরা ঈশ্বরের সন্তান হিসাবে আমাদের আহ্বান অনুযায়ী বাস করতে পারি। কীভাবে একজন অন্য জনের ভার বহন করে সেই বিষয় উদাহরণগুলি এখন আমরা শাস্ত্র থেকে দেখবো।

## দাউদ এবং যোনাথন !

দাউদ এবং যোনাথনের বন্ধুত্ব নিঃস্বার্থ ভালোবাসা এবং বন্ধুত্বের একটি উল্লেখযোগ্য উদাহরণ। দাউদের একদিন রাজা হওয়ার বিষয়টি জানা ছাড়াও, তিনি তাঁর নিজের অবস্থানটি দেখতে পেয়েছিলেন এবং যোনাথন দাউদকে মনপ্রাণ দিয়ে ভালোবেসেছিলেন। দাউদের প্রতি তাঁর আনুগত্য এত মহান ছিল যে তিনি এমনকী তাঁর নিজের পিতা, রাজা শৌলের বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন।

১ শমূয়েল ২৩ অধ্যায়ে, একটি শক্তিশালী মুহূর্ত নথিভুক্ত আছে: দাউদ সীফ মরুপ্রান্তরে লুকিয়েছিলেন, শৌল অবিরত তাঁকে ধরার চেষ্টা করছিলেন এবং তাঁকে হত্যা করার জন্য তিনি দৃঢ় সঙ্কল্প করেছিলেন। তথাপি, বাইবেলে বলা হয়েছে, "...**কিন্তু ঈশ্বর তাঁকে শৌলের হাতে পড়তে দেননি"** (১ শমূ. ২৩:১৪)।

প্রিয় বন্ধুগণ, কি অপূর্ব সান্ত্বনাদানকারী সত্য! ঈশ্বর যদি দাউদকে সুরক্ষিত করতে পারেন , তাহলে তিনি আমাদেরকেও আমাদের শত্রুদের হাত থেকে রক্ষা করতে পারেন, যারা আমাদের পতিত অবস্থায় দেখতে চায়। একটা সময় আমাদের মনে হতে পারে যে আমরা অবিরত আক্রমনের অধীনস্থ, কিন্তু আমাদের মনে রাখতে হবে যে ঈশ্বর আমাদের শত্রুদের হাতে সমর্পণ করেন না। আমাদের পথসকল যখন ঈশ্বরের কাছে প্রীতিজনক হয়, তিনি এমনকী তখন আমাদের মঙ্গলের জন্য আমাদের শত্রুদের দিয়ে কাজ করাতে পারেন। শত্রু আমাদের কাছেই থাকতে পারে, কিন্তু সমস্ত কিছু ঈশ্বরের নিয়ন্ত্রণাধীন। তিনি কখনও আমাদের তাদের হাতে পড়তে দেন না।

একটা সময় দাউদ ভীতির মধ্যে বাস করছিলেন, যখন তিনি জানতে পেরেছিলেন যে শৌল তাঁকে হত্যা করার জন্য তাঁর পশ্চাতে ধাবিত হয়েছেন। তিনি নিশ্চিত নিজেকে বিচ্ছিন্ন, মনমরা এবং দুশ্চিন্তাগ্রস্ত অনুভব করেছিলেন, মরুপ্রান্তরে আত্মগোপন করার জন্য তাঁকে তাঁর পরিবার, তাঁর স্ত্রীদের, তাঁর বন্ধুদের এবং তাঁর ঘরের আরাম, সমস্ত কিছু পেছনে ফেলে আসতে হয়েছিল। নিঃসঙ্গতা এক ভয়ঙ্কর শত্রুতে পরিণত হতে পারে, যার ফলে একজন ব্যক্তি নেতিবাচক চিন্তাগুলিকে তার মধ্যে রোপিত হতে দেয় এবং প্রস্ফুটিত হতে দেয়। তথাপি, এমনকী তাঁর অন্ধকারতম মুহূর্তগুলির মধ্যেও, ঈশ্বর দাউদের সঙ্গে ছিলেন, এবং তিনি আমাদের সঙ্গেও আছেন।

দাউদ যখন শারীরিক, মানসিক, এবং আত্মিকভাবে বিষাদগ্রস্ত হয়েছিলেন, তখন তাঁর কাছে প্রান্তরে একজন অপ্রত্যাশিত পরিদর্শক ছিলেন: হোরেশে দাউদের কাছে শৌলের পুত্র যোনাথন গিয়েছিলেন এবং তাকে ঈশ্বরের শক্তি খুঁজে পেতে সাহায্য করেছিলেন। ১ শমূয়েল ২৩:১৬ পদ। আসুন, এই পদটির অন্য কয়েকটি অনুবাদ পরীক্ষা করে দেখা যাক:

এনআইভি : **ঈশ্বরের শক্তি খুঁজে পেতে তাঁকে সাহায্য করেছিলেন।**

এনএলটি: **ঈশ্বরে তাঁর বিশ্বাসে শক্তিশালী থাকতে তাঁকে সাহায্য করেছিলেন।**

কেজেভি: **ঈশ্বরে তাঁর হাতকে শক্তিশালী করেছিলেন।**

অ্যামপ্লিফায়েড : **ঈশ্বরে তাঁকে উৎসাহিত করেছিলেন।**

সংক্ষেপে, যোনাথন তাঁর বন্ধুর সঙ্গে দেখা করার জন্য এবং তাঁকে মানসিকভাবে শক্তিশালী করার জন্য মরুপ্রান্তরে গিয়েছিলেন। তিনি উৎসাহের কথা বলেছিলেন এবং দাউদকে তাঁর দুর্বলতার মধ্যে শক্তিশালী করেছিলেন। যোনাথন দাউদকে আবেগের দিক থেকে সাহায্য করেননি, কিন্তু দাউদ যখন আত্মিকভাবে একেবারে শুষ্ক হয়েছিলেন তখন তিনি তাঁকে ঈশ্বরে শক্তি ফিরে পেতে সাহায্য করেছিলেন। যোনাথনের কথাগুলো দাউদের জীবনে গভীরভাবে প্রভাব বিস্তার করেছিল। ১ শমূয়েল ২৩:১৭ পদে, যোনাথন বলেছেন:

**"তুমি ভয় পেয়ো না। আমার বাবা শৌল তোমার উপর হাত উঠাতে পারবেন না। তুমিই ইস্রায়েলের রাজা হবে, ও আমি তোমার নিচেই থাকব। এমনকি আমার বাবা শৌলও একথা জানেন।"**

যোনাথন দাউদকে তাঁর জীবনে ঈশ্বরের পরিকল্পনার

*(ক্রমশঃ ৬পৃষ্ঠায়)*

NEHEMIAH RESIDENTIAL BIBLE COLLEGE Chennai.

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE REACHING NATIONS

Rush for admission!

Diploma in Theology

Medium : Hindi

Qualification : 10th Standard & above

Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 55 years

Contact : The Chairman, Nehemiah Bible College.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

✱ ONLINE CLASSES ARE AVAILABLE ✱

# মহান আদেশ অংশীদারগণ

**ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)**

প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে নভেম্বর থেকে ১৮ই ডিসেম্বর, ২০২৪)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**নভেম্বর ১৯ :** ঈশ্বর আমাদের **নহিমিয় বাইবেল কলেজের** ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের প্রথম সেমিস্টার সাফল্যের সঙ্গে সম্পূর্ণ করতে এবং দ্বিতীয় সেমিস্টার শুরু করতে সাহায্য করেছেন।

**দিন ২০:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতেপাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২১:** আমাদের বাইবেলকোর-ডাকযোগে বাইবেল পাঠক্রম এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২২:** সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার পৌঁছে দিতে আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলির রবিবারের উপাসনাসভাগুলিকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৩:** আমাদের বহুমুখী পরিচর্যাগুলির মাধ্যমে সুসমাচার প্রচারের ক্ষেত্রে আমাদের বরিষ্ঠ পালকের অবিচলিত প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

**দিন ২৪:** আমরা আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা** পরিচর্যায় সহযোগী সম্পাদকদের দ্বারা আশীর্বাদযুক্ত হওয়ার জন্য।

**দিন ২৫:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৬:** আমাদের নিয়মিত সমর্থকদের জন্য এবং আমাদের পরিচর্যা কাজের সঙ্গে তাদের সক্রিয়ভাবে যুক্ত থাকার জন্য।

**দিন ২৭:** আমাদের সমর্পিত সাণ্ডেস্কুল শিক্ষকদের জন্য।

**দিন ২৮:** আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের চেয়ারম্যান ব্রাদার এডোয়ার্ড দুরাইয়ের জন্য।

**দিন ২৯:** প্রভু আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব মিডিয়া পরিচর্যার মাধ্যমে সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার সম্প্রচারিত করতে সাহায্য করেছেন।

**দিন ৩০:** প্রভু আমাদের প্রধান মণ্ডলীতে এবং শাখা মণ্ডলীগুলিতে আরও অধিক সাণ্ডেস্কুল শিশুদের দিয়ে আমাদের আশীর্বাদ করেছেন।

**ডিসেম্বর ০১:** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল এবং নহিমিয় বাইবেল কলেজগুলির শিক্ষার্থীদের এবং শিক্ষকদের স্বর্গীয় সুরক্ষাসহ আমাদের আশীর্বাদ করার জন্য।

**দিন ০২:** আমাদের শুভ চিন্তকদের, বন্ধুদের এবং ক্ষেত্র সমর্থকদের জন্য।

**দিন ০৩:** তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার সমস্ত কার্যকলাপের উপর তাঁর পরিচালনা এবং আশীর্বাদের জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** সমস্ত রকমের মন্দতার হাত থেকে আমাদের সিনিয়ার পাস্টর এবং তাঁর পরিবারের সদস্যদের নিরাপত্তার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ৫:** আমাদের বরিষ্ঠ পাস্টরের সাফল্যের সঙ্গে তাঁর আত্মজীবনী লেখার জন্য।

**দিন ৬:** সারা পৃথিবী ব্যাপী সমস্ত পাস্টরদের, মিশনারীদের এবং খ্রীষ্টিয়ান সংস্থাগুলির স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ৭:** আমাদের পত্রিকার কাউন্সিল সদস্যদের জন্য।

**দিন ৮:** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশ স্কুল এবং নহিমিয় বাইবেল কলেজগুলির কর্মীসদস্য এবং শিক্ষার্থীদের জন্য।

**দিন ৯:** সারা পৃথিবীর বয়োসন্ধিকালীন ছেলে মেয়েদের মধ্যে থেকে আত্মহত্যার মানসিকতা দূর করার জন্য।

**দিন ১০:** সারা পৃথিবী ব্যাপী ঘূর্ণিঝড় এবং ভূমিকম্পের মতো প্রাকৃতিক বিপর্যয়গুলি নিবারণের জন্য।

**দিন ১১:** আমাদের চার্চ কাউন্সিল সদস্যদের জন্য।

**দিন ১২:** আমাদের স্কুলের কাউন্সিল সদস্যদের জন্য।

**দিন ১৩:** সারা পৃথিবী ব্যাপী নতুন নতুন সংক্রামক রোগগুলি নিবারণের জন্য।

**দিন ১৪:** সারা পৃথিবী সমস্ত খ্রীষ্টিয় পরিচর্যাগুলিতে উদ্দিপনা আনার জন্য।

**দিন ১৫:** সারা পৃথিবীব্যাপী যুদ্ধ এবং উগ্রপন্থী অধ্যুষিত এলাকাগুলিতে শান্তি এবং সংহতি ফিরে আসার জন্য।

**দিন ১৬:** আমাদের নহিমিয় বাইবেল কলেজের কাউন্সিল সদস্যদের জন্য।

**দিন ১৭:** মিথ্যা শিক্ষা এবং মিথ্যা অলৌকিক কাজগুলি অনুসরণ করা থেকে বিশ্বাসীদের স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ১৮:** আমাদের হাসপাতাল পরিচর্যাগুলির জন্য।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

বিষয় পুনরায় আশ্বস্ত করেছিলেন। কল্পনা করুন তাঁর নিজের পিতার দোষগুলির বিষয় স্বীকার করা যোনাথনের পক্ষে কত কষ্টকর হয়ে থাকতে পারে। শৌল একজন অত্যন্ত পরাক্রমী রাজা হতে পারেন, কিন্তু তিনি যতই চেষ্টা করুন না কেন, তিনি ঈশ্বরের ইচ্ছাকে ব্যর্থ করতে পারবেন না। যোনাথন স্বীকার করেছিলেন যে দাউদ পরবর্তী রাজা হবেন এবং তাঁর অধীনে কাজ করার বিষয় তিনি তাঁর ইচ্ছা প্রকাশ করেছিলেন, ঈশ্বরের প্রতিজ্ঞার সম্পূর্ণতা বুঝতে পেরেছিলেন। ঈশ্বরের উদ্দেশ্যের বিরুদ্ধে মানুষের কোনও পরিকল্পনা, নরকের কোনও কৌশল দাঁড়াতে পারে না। যিরমিয় ২৯:১১ পদ অনুসারে আমাদের জন্য ঈশ্বরের একটি পরিকল্পনা আছে: **আমাদের আশা এবং ভবিষ্যত দানের পরিকল্পনা।**

যোনাথন দাউদকে উৎসাহিত করতে যাওয়ার ঘটনাটি, আমাদের মনে করিয়ে দেয় যে আমরা যখন অন্যদের উৎসাহিত করি, তারা প্রভুতে বলবান হয়। শেষ কবে আপনি কোনও একজন ব্যক্তিকে উৎসাহিত করতে গিয়েছিলেন? আমরা প্রায়ই নিজেদের জন্য উৎসাহিত হওয়ার পথ খুঁজি, কিন্তু আমরা কি অন্যদের উৎসাহিত করার জন্য আমাদের সময় দিই এবং উদ্যোগ গ্রহণ করি যখন তাদের উৎসাহের প্রয়োজন থাকে? আজকের ব্যস্ত জগতে, অন্যদের প্রয়োজনগুলিকে এড়িয়ে যাওয়া সহজ। কয়েক সময় আমরা মনে করি টাকা পাঠিয়ে দেওয়াই যথেষ্ট, এবং যখন আর্থিক সাহায্য গুরুত্বপূর্ণ, তখন শারীরিকভাবে এবং আবেগ সংক্রান্তভাবে সেখান উপস্থিত থাকার বিষয়টি সমানভাবে গুরুত্বপূর্ণ।

## বর্সিল্লয়

বাইবেলের আরেকটি প্রেরণাদায়ী চরিত্র হচ্ছেন বর্সিল্লয়, যিনি বাস্তবে দেখিয়েছিলেন যে বয়েস হচ্ছে একটি সংখ্যামাত্র। ২ শমূয়েল ১৯:৩২ পদে বলা হয়েছে:

**"বর্সিল্লয় বয়সে বৃদ্ধ ছিলেন, তাঁর বয়স তখন আশি বছর। রাজামশাই যখন মহানয়িমে ছিলেন, তখন বর্সিল্লয় তাঁর জন্য খাবারদাবারের ব্যবস্থা করলেন, কারণ তিনি খুব ধনী লোক ছিলেন।"**

আমরা বর্সিল্লয় নামের এক ব্যক্তির সম্মুখীন হই, যাঁর বয়স আশি বছর। দাউদ যখন তাঁর লোকদের সঙ্গে তাঁর পুত্রের কাছ থেকে মরুপ্রান্তরে পালিয়ে যাচ্ছিলেন, তখন তাঁর খাদ্যের এবং অন্যান্য সামগ্রির প্রয়োজন হয়েছিল। বর্সিল্লয়, এক ধনবান এবং প্রাচীন ব্যক্তি, দাউদকে এবং তাঁর অনুগামীদের সাহায্য করার উদ্যোগ গ্রহণ করেছিলেন। তাঁরা যখন মহানয়িমে থেকেছিলেন তখন তিনি তাদের খাদ্যের জোগান দিয়েছিলেন, দাউদ এবং তাঁর লোকদের ভার বহন করেছিলেন।

এই কাহিনীটি ব্যাখ্যা করে যে দয়ার কাজগুলি লিঙ্গ, জাতি, অথবা বয়েসের দ্বারা সীমাবদ্ধ নয়। যে কোনও ব্যক্তি অন্যদের ভার বহন করে সাহায্য করতে পারে। মূল প্রয়োজনের বিষয়টি হচ্ছে ইচ্ছুক এবং সহমর্মী হৃদয়। দাউদ যখন তাঁর এই দয়াপূর্ণ কাজের পুরস্কার দেবার জন্য বর্সিল্লিয়কে তাঁর সঙ্গে তাঁর রাজ্যে নিয়ে যেতে চেয়েছিলেন, বর্সিল্লয় তাঁর সেই অনুরোধ বিনয়ের সঙ্গে ফিরিয়ে দিয়েছিলেন, পরিবর্তে তিনি পশ্চাতে থাকার বিষয়টি মনোনীত করেছিলেন। এটি ব্যাখ্যা করে যে তাঁর ভালোবাসা এবং তত্ত্বাবধানের মধ্যে কোনও স্বার্থপর অভিপ্রায় ছিল না; তিনি সাধারণভাবে দাউদের সঙ্গে সেখানে থাকতে চেয়েছিলেন, তাঁর যন্ত্রণা এবং সংগ্রামের সহভাগী হতে চেয়েছিলেন।

## যীশু

যীশুর থেকে অধিক নিঃস্বার্থ ভালোবাসার উদাহরণ আর কোথাও নেই। তিনি আমাদের এতো ভালোবেসেছিলেন যে তিনি আমাদের পাপের জন্য জন্য ক্রুশে মৃত্যুবরণ করার উদ্দেশ্যে স্বর্গ এবং তাঁর সিংহাসন ত্যাগ করতে ইচ্ছুক হয়েছিলেন। **আমাদের মহান করার জন্য তিনি নত হয়েছিলেন** (গীত ১৮:৩৫)। যীশু নিজেকে নতনম্র করেছিলেন এবং নিজে শাপগ্রস্ত হয়েছিলেন যাতে আমরা আশীর্বাদযুক্ত হতে পারি। তিনি আমাদের লজ্জা বহন করেছিলেন যাতে আমরা আমাদের মস্তক উন্নত করে চলতে পারি। তাঁর বলিদানের মাধ্যমে, আমরা সব থেকে বড় উপহার লাভ করেছি: ক্ষমা এবং অনন্তজীবন। তিনি প্রতিজ্ঞা করেছেন, **"আমি কখনও তোমাকে ছেড়ে দেব না, কখনও পরিত্যাগ করব না তোমায়"** (ইব্রীয় ১৩:৫)। সদাপ্রভু ঘোষণা করেছেন, **"যেহেতু সে আমাকে ভালোবাসে, আমি তাকে উদ্ধার করব; আমি তাকে রক্ষা করব কারণ সে আমার নাম স্বীকার করে। সে আমার নামে ডাকবে, আর আমি তাকে উত্তর দেব; সঙ্কটে আমি তার সঙ্গে রইব, আমি তাকে উদ্ধার করব আর সম্মানিত করব"** (গীত ৯১:১৪-১৫)।

ঈশ্বর আমাদের আশ্বাস দিয়েছেন যে তিনি কষ্টের সময় আমাদের সহবর্তী হবেন, তিনি আমাদের পক্ষে থাকবেন। যীশু চান আমরা যেন আমাদের সমস্ত ভার তাঁর সঙ্গে সহভাগিতা করি, তিনি মথি ১১:২৮-৩০ পদে বলেছেন:

**"ওহে, তোমরা যারা পরিশ্রান্ত ও ভারাক্রান্ত, আমার কাছে এসো, আমি তোমাদের বিশ্রাম দেব। আমার জোয়াল তোমরা নিজেদের উপরে তুলে নাও ও আমার কাছে শিক্ষা নাও, কারণ আমার স্বভাব কোমল ও নম্র। এতে তোমরা নিজেদের অন্তরে বিশ্রাম পাবে। কারণ আমার জোয়াল সহজ ও আমার বোঝা হালকা।"**

*(ক্রমশঃ ৯ পৃষ্ঠায়)*

**NEHEMIAH EVENING BIBLE COLLEGE,**
Chepauk & Santhoshapuram, Chennai.
ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE
REACHING NATIONS
RUSH FOR ADMISSION!
Diploma in Theology
Medium :Tamil
Qualification : 10th Standard & above
Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 55 years
Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR -** Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminy Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Hindi Service : 4.00 p.m. Sunday**
19. **Telugu Service : 5.00 p.m. Sunday**
20. **English & Hindi Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.00 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

### বিনামূল্যে মাসিক পত্রিকা আহ্বানের প্রতিধ্বনি লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## পেনসিল এবং মাদুরের একটি পুরাতন গল্প !

গ্রামের সরকারী স্কুলে পঞ্চম শ্রেণীর পড়াশোনা শেষ করার পর, আমি উচ্চবিদ্যালয়ে উত্তীর্ণ এবং ভর্তি হয়েছিলাম, যেখানে প্রথমবার ইংরাজী বর্ণমালা শিখেছিলাম। স্কুলের প্রথম দিন, শ্রেণী শিক্ষিকা সবাইকে পরদিন পেনসিল আর খাতা নিয়ে আসতে বলেছিলেন। ঘরে ফিরেই আমি এই প্রয়োজনের কথা মাকে বলেছিলাম, যেহেতু আমার বাবা কাজের জন্য বাইরে থাকতেন। তিনি খাতা জোগার করতে পেরেছিলেন, কিন্তু আমার জন্য পেনসিল কিনতে পারেননি। যেহেতু তিনি প্রতিবাসী আত্মীয়দের কাছ থেকে আমার এই প্রয়োজনের সাহায্য নিতে চাননি, তিনি তাঁর অক্ষমতার কথা আমাকে বলেছিলেন এবং তিনি আমাকে প্রভু যীশুর কাছে একটি পেনসিলের জন্য প্রার্থনা করতে বলেছিলেন।

তাঁর কথার বাধ্য হয়ে, আমি রাতে আমাকে একটা পেনসিল দেওয়ার জন্য প্রার্থনা করেছিলাম এবং তারপর ঘুমাতে গিয়েছিলাম। পরদিন সকাল পর্যন্ত ঈশ্বর আমাকে কোনও পেনসিল দেননি। সুতরাং আমাকে পেনসিল ছাড়াই স্কুলে যেতে হয়েছিল। যখন অন্য সমস্ত শিক্ষার্থীরা তাদের নিজের ব্যবহারের জন্য পেনসিল এনেছিল, তখন কেবল আমি শিক্ষকের নির্দেশের বাধ্য হতে অক্ষম হয়েছিলাম। সুতরাং শিক্ষক আমার প্রতি সুখী ছিলেন না। তিনি আমাকে বলেছিলেন যে পরদিন যেন আমি পেনসিল ছাড়া স্কুলে না আসি।

আমি ঘরে ফিরে এসেছিলাম এবং শিক্ষকের অসন্তুষ্টির কথা মাকে বলেছিলাম। তিনি আমার মুখের দিকে তাকিয়ে মৃদু হেসেছিলেন এবং দ্বিতীয় দিন তিনি আবার প্রভু যীশু খ্রীষ্টের কাছে প্রার্থনা করতে বলেছিলেন এবং আমাকে নিশ্চিত করে বলেছিলেন যে পেন্সিলটা এখন আসার পথে। আমি তাই করেছিলাম এবং কিছুই ঘটেনি। সুতরাং আমাকে আবার খালি হাতে স্কুলে যেতে হয়েছিল। যখন শিক্ষক আমাকে জিজ্ঞাসা করেছিলেন, আমি বলেছিলাম আমার মায়ের নির্দেশ মতো আমি প্রভু যীশু খ্রীষ্টের কাছে প্রার্থনা করেছিলাম এবং পেনসিলটা এখন আসার পথে। শিক্ষিকা বিরক্ত হয়েছিলেন এবং আমার উপর এবং আমার মায়ের আচরণে ক্রুদ্ধ হয়েছিলেন। তিনি আমাকে বলেছিলেন পরদিন আমি যেন পেনসিল ছাড়া স্কুলে না আসি।

মহাদুঃখ নিয়ে, আমি এই বিষয়টি মাকে জানিয়েছিলাম। তিনি আমাকে বলেছিলেন পেনসিলের সম্পর্কে আমার প্রার্থনা শোনার জন্য প্রভু যীশু খ্রীষ্টকে ধন্যবাদ দাও। আমি মধ্যরাত পর্যন্ত প্রভুকে ধন্যবাদ দিতে শুরু করেছিলাম। কিন্তু

### "বালককে তাহার গন্তব্য পথানুরূপ শিক্ষা দেও, সে প্রাচীন হইলেও তাহা ছাড়িবে না" হিতোপদেশ ২২:৬



পরদিন সকালে পেনসিলের জন্য স্কুলে আমাকে যে কঠিন সময়ের এবং শাস্তির সম্মুখীন হতে হবে সেই ভয়ে আমি ঘুমাতে পারছিলাম না।

আমাকে অবাক করে, হঠাৎ কোনও একজন মধ্যরাতে দরজায় ঠকঠক শব্দ করলো। আমার মা বলল যে ঘরে কোনও পুরুষ মানুষ নেই জেনে কোনও চোর দরজায় আঘাত করতে পারে এবং আমাকে চুপ করে শয্যার নীচে ঘুমাতে বলল।

তারপর আমরা জানালা দিয়ে আমার মায়ের নাম ধরে ডাকার শব্দ শুনতে পেয়েছিলাম। ইনি আমার মামা মি. সেলভামানি ছাড়া আর কেউ ছিলেন না, যিনি পাল্লাযামকোট্টাইনামক শহরে পুলিশ অফিসারের কাজ করছিলেন, শহরটি আমাদের ঘর থেকে প্রায় ৭০ কি.মি. দূরে অবস্থিত ছিল। আমরা আনন্দের সঙ্গে দরজা খুলেছিলাম। তিনি আমার জন্য বরাবরের মতো বিস্কুট, মিষ্টি, জামাকাপড় ইত্যাদি অনেক উপহার এনেছিলেন। আমি যখন একটি বিশেষ উপহারের ব্যাগ খুলেছিলাম, আমি তার মধ্যে একটি বাস্ক দেখতে পেয়েছিলাম। আমি যখন উদ্বিগ্নভাবে এটা খুলেছিলাম, আমি তার মধ্যে অনেক দামী পেনসিল ভর্তি বাস্ক দেখেছিলাম (নটরাজ পেনসিল, সেই দিনগুলিতে যা অত্যন্ত দামী ছিল)। বাস্কটির মধ্যে মোট ২৪টি পেনসিল ছিল।

প্রভু যীশু কেবল প্রার্থনা শোনেনি, কিন্তু তিনি আমার প্রার্থনার উত্তরও দিয়েছিলেন, সেই কথা বলতে বলতে আমি আনন্দে লাফাতে শুরু করেছিলাম। আমি এতো আনন্দিত হয়েছিলাম যে সারারাত ঘুমাতে পারিনি।

পরদিন সকালে, আমি আমি ২৪টি পেনসিল ভর্তি বাস্কটি নিয়ে আনন্দের সঙ্গে স্কুলে গিয়েছিলাম যখন অন্যদের কাছে মাত্র একটি করে পেনসিল ছিল। শিক্ষিকা কঠোর মুখ নিয়ে আমার কাছে এসেছিলেন এবং কী ঘটেছিল তা জানতে চেয়েছিলেন। আমি উত্তর দিয়েছিলাম যে গতকাল যে পেনসিল আসার পথে ছিল তা আজ আশ্চর্যভাবে আমার হাতে পৌছে গিয়েছে। তিনি অত্যন্ত আনন্দের সঙ্গে আমার পিঠ চাপড়ে দিয়েছিলেন এবং শিক্ষার্থীদের কাছে ঘোষণা করেছিলেন যে একজন জীবন্ত ঈশ্বর আছেন যাঁর নাম যীশু খ্রীষ্ট।

প্রিয় পাঠক, আমার যখন ৭ বছর বয়েস তখন এই ঘটনাটি ঘটেছিল, কিন্তু সেই অভিজ্ঞতাটি আজও আমার মনে আছে। আমাকে পেনসিল দানকারী সেই ঈশ্বর আজও জীবিত আছেন। তিনি গতকাল, আজ এবং চিরকাল একই আছেন (হিব্রীয় ১৩:৮)। সেই জন্যে আজও আমার ঘরে একটি মাদুর পাতা আছে। যাকে আমি 'পেনসিল মাদুর' বলি। আমি প্রতিদিন ভোরবেলায় পেনসিল মাদুরে যাই এবং আমার ব্যস্ত সময়সূচী সত্ত্বেও কমপক্ষে দিনে তিনবার আমি প্রার্থনা করার চেষ্টা করি এবং আমার প্রয়োজনগুলি সেই একই ঈশ্বর যীশু খ্রীষ্টের কাছে দিয়ে দিই। এই পেনসিল মাদুরের মাধ্যমে আমি কতগুলি মিনি বাস, বড় বড় বিল্ডিং ইত্যাদি পেয়েছি। **সেই কারণে আমি এই উপসংহারে উপনীত হয়েছি যে, যে হাত বাইবেল বহন করে এবং যে পা প্রার্থনায় জানুপাত করে তা কখনও ব্যর্থ হয় না।**

সুতরাং গত ৫৫ বছর যাবৎ আমার পরিচর্যা চলাকালীন, আমি কোনও টাকা তোলার প্রকল্পের সঙ্গে যোগাযোগ করিনি অথবা আমাদের বহুমুখী পরিচর্যাগুলি চালানোর জন্য প্রয়োজনীয় উপকরণগুলি লাভের উদ্দেশে কোনও ব্যক্তির দরজায় যাইনি। আমি আমার ঈশ্বরের কাছ থেকে টাকা লাভ করি যিনি আমার সমস্ত প্রয়োজনগুলির জন্য পেনসিল মাদুর থেকে আমায় উত্তর দিয়েছেন।

**"যিনি আমাকে শক্তি দান করেন, তাঁর মাধ্যমে আমি সব কিছুই করতে পারি"** (ফিলিপীয় ৪:১৩)।

---

*(ক্রমশঃ, ৬ পৃষ্ঠার পর)*

তাঁর কাছে আসার বিষয়ে তিনি প্রস্তুত এবং তিনি আমাদের জন্য অপেক্ষা করছেন, যাতে আমরা তাঁর উপর আমাদের সমস্ত চিন্তা, যন্ত্রণা, ব্যর্থতা এবং ভয়গুলো অর্পণ করি। আপনি কি আজ তাঁর কাছে আসবেন এবং আপনার সমস্ত ভারগুলি তাঁর উপর অর্পণ করবেন?

যীশু যত অধিক আমাদের ভারগুলি বহন করেন এবং আমাদের জন্য প্রার্থনা করার জন্য আমাদের যত অধিক মাণ্ডলিক পরিবারগত প্রার্থনার সাহায্য থাকে, তত অধিক আমরা অন্য কোনও একজন ব্যক্তির জীবনে যোনাথনের মতো হওয়ার বিষয় অনুসন্ধান করতে পারি।

## ১। অন্যদের জন্য প্রার্থনা করা!

প্রার্থনা একটি শক্তিশালী হাতিয়ার। আমরা পরস্পরের জন্য প্রার্থনা করতে পারি। আপনি যদি কাউকে পাপের মধ্যে সংগ্রাম করতে দেখেন, তাহলে তার সমালোচনা করার পরিবর্তে, আপনি তাদের জন্য প্রার্থনা করতে পারেন এবং তাদের সঙ্গে প্রার্থনা করতে পারেন। তাদের সঙ্গে চলুন। আপনি যদি কারও বিষয়ে অসুখী হন, তাহলে তার বিষয়ে অন্যদের সঙ্গে খোশ গল্প না করে, তার জন্য আন্তরিকভাবে প্রার্থনা করতে শুরু করুন।

## ২। শ্রবণ করা!

কয়েক সময় আমাদের কোনও একজন ব্যক্তির কথা শোনা প্রয়োজন হয়। তারা তাদের সমস্যাগুলির জন্য কোনও উপদেশ অথবা সমাধান পেতে চায় না। কোনও বিচার না করে তাদের কথা শুনুন। হতে পারে এটা পরিবারের কোনও সদস্য, একজন বন্ধু, অথবা এমন একজন ব্যক্তি হতে পারে যে আপনার ব্যাথার কারণ হয়েছে। একজন উত্তম শ্রোতা হন যখন লোকদের এটাই সব থেকে প্রয়োজন হয়।

## ৩। প্রয়োজনগুলি পূরণ করা

যাকোব আমাদের শিক্ষা দেয় যে বিশ্বাস সর্বদা কাজের মাধ্যমে ব্যাখ্যাত হওয়া উচিত। কেবল প্রার্থনা এবং শ্রবণ যথেষ্ট নয়; আমাদের অবশ্যই তাদের প্রয়োজনগুলি পূরণ করার বিষয়ে অন্যদের সাহায্য করার জন্য বিভিন্ন ব্যবহারিক উপায়গুলি খুঁজে বের করতে হবে। এটা যে কেবল টাকাই হতে হবে তা নয়। আমরা অন্যদের সাহায্য করার জন্য এবং পথ দেখানোর জন্য আমাদের দক্ষতাগুলি, অভিজ্ঞতাগুলি, এবং আমাদের জ্ঞানগুলি ব্যবহার করতে পারি।

## ৪। প্রযুক্তি

উদ্দেশ্যের জন্য প্রযুক্তি ব্যবহার করুন। ক্লেশের মধ্যে দিয়ে যাচ্ছেন এমন একজন ব্যক্তিকে উৎসাহমূলক লিখিত বার্তা অথবা ভয়েস ম্যাসেজ পাঠান। একটি প্রার্থনা অথবা মানসিকভাবে তাকে উৎসাহিত করার বার্তা দিন; এমনকি আপনি যদি শারীরিকভাবে সেখানে যেতে না পারেন, আপনার কথাগুলো তাকে গভীরভাবে প্রভাবিত করতে পারে। যারা সংগ্রাম করছে তাদের কাছে আপনি বাইবেলের পদ অথবা তাদেরকে তুলে ধরার বার্তা সহভাগিতা করুন।

## ৫। উপাসক মণ্ডলীর জন্য চিন্তা করা

আপনার উপাসক মণ্ডলীর কল্যাণের বিষয় পরীক্ষা করার বিষয়টি একটি অভ্যাসে পরিণত করুন। আপনি যদি লক্ষ করেন কোনও একজন মণ্ডলীতে উপস্থিত নেই, তাহলে তাকে ডাকুন। তাকে জিজ্ঞাসা করুন, আমি কি আপনার জন্য প্রার্থনা করতে পারি? এমন কোনও বিষয় কি আছে যার জন্য আমি সাহায্য করতে পারি? নিশ্চিত করুন যে আমাদের ভাই এবং বোনেরা যেন জানে যে তারা এই পরিবারের সদস্য।

## ৬। সেবা করা!

পরিশেষে, যে কোনও উপায়ে যীশুর মতো, আপনি অন্যদের সেবা করার জন্য সুপ্রাপ্য হন। সেবা করার সুযোগের কোনও শেষ নেই, কিন্তু মূল বিষয়টি হচ্ছে পরস্পরের ভার সহভাগিতা করার উপায়গুলি খুঁজে বের করা এবং ঈশ্বরের সন্তান হিসাবে আমাদের আহ্বান অনুসারে জীবন যাপন করা।

---


## প্রিন্সিপাল চাই

**খ্রীষ্টিয়ান ম্যাট্রিকলেশন স্কুল চেন্নাই**

**আমাদের প্রয়োজন উত্তম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন, অভিজ্ঞতাপূর্ণ, নিবেদিত প্রাণ, কঠোর পরিশ্রমী, মিশন মনস্ক খ্রীষ্টিয়ান।**

আবেদন করুন:
E.mail: biblecor@yahoo.co.in
WhatsApp: (+91) 97908 05460

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**
Please subscribe

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.
**- Editor**

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/24-26**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th NOVEMBER 2024**
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

*JESUS LOVES YOU!*

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**